

বঙ্গভবন ১৩ ডিসেম্বর ২০২২:

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মোঃ তোফাজ্জল হোসেন মিয়া আজ সন্ধ্যায় বঙ্গভবনে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন।

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব পদে নিয়োগ পাওয়ায় রাষ্ট্রপতি তাকে অভিনন্দন জানান। নতুন কর্মক্ষেত্রে তার সাফল্যও কামনা করেন রাষ্ট্রপতি আবদুল হামিদ।

সাক্ষাৎকালে প্রধানমন্ত্রীর নতুন মুখ্য সচিব তার দায়িত্ব পালনে রাষ্ট্রপতির দিকনির্দেশনা ও সহযোগিতা কামনা করেন।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব সংযুক্ত মোঃ ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।